

আমার পথ  
-কাজী নজরুল ইসলাম

উদ্দেশ্য/শিখনফল  
প্রবন্ধটি পড়ার পর শিক্ষার্থীরা-

- ক. রাজনীতির স্বার্থে ধর্মীয় বিভেদ ও হানাহানি সৃষ্টির বিপদ সম্পর্কে স্বচ্ছ ধারণা পাবে।  
খ. মানবধর্মই যে শ্রেষ্ঠ ধর্ম- এই বিষয়ের গুরুত্ব উপলব্ধি ও ব্যাখ্যা করতে পারবে।  
গ. প্রবন্ধকারের অন্যান্য প্রবন্ধ ও সাহিত্যকর্ম সম্পর্কে আগ্রহী হবে।  
ঘ. প্রবন্ধকার সম্পর্কে মূল্যায়ন করতে পারবে।

পাঠ - ০১

লেখক-পরিচিতি

০১. জন্ম : ২৫ মে, ১৮৯৯।  
০২. জন্মস্থান : চুরুলিয়া গ্রাম, বর্ধমান, পশ্চিমবঙ্গ।  
০৩. প্রধানত কবি হিসেবে খ্যাত। তার উপাধি-বিদ্রোহী কবি, জাতীয় কবি।  
০৪. শ্রেষ্ঠ কবিতাসংকলন- সঞ্চিওতা  
০৫. মৃত্যু : ২৯ আগস্ট, ১৯৭৬।

পাঠ-পরিচিতি

উৎস : 'রুদ্-মঙ্গল' প্রবন্ধগ্রন্থ থেকে পাঠ্য প্রবন্ধটি সংকলিত।

শ্রেণি (Type) : এটি একটি রাজনৈতিক প্রবন্ধ।

বিষয় (Content): প্রবন্ধটি বৃটিশবিরোধী আন্দোলনের প্রেক্ষাপটে রচিত। প্রবন্ধকার মনে করেন, ধর্মীয় ভেদাভেদ ও হানাহানি ভারতবাসীর মুক্তির পথে একটা বড় বাধা। দ্বিতীয় বাধা আত্মনির্ভরশীলতার অভাব। হিন্দু-মুসলিমের ঐক্য এবং আত্মশুদ্ধিই মুক্তির পথ।

মূলপাঠ: সংকেত

ক. 'আমি' সত্তা তথা আত্মসত্তার উপলব্ধি, খ. স্বাবলম্বন, গ. ভুল থেকে শিক্ষা তথা আত্মশুদ্ধি, ঘ. ধর্মীয় ভেদবুদ্ধিতে নয়- ভারতবাসীর ঐক্যই শক্তি, ঐক্যেই মুক্তি।

## শব্দার্থ ও টীকা

### শব্দার্থ:

কর্ণধার- কাভারি, চালক বা পরিচালক।

সার্থি- রথচালক, অগ্রবর্তী যোদ্ধা বা নেতা।

পরাবলম্বন- পরনির্ভরশীলতা।

সম্মার্জনী- ঝাঁটা।

আগুনের সম্মার্জনী- সত্যের ঝাঁটা- যেটা দিয়ে মিথ্যা বা অসত্যের জঞ্জাল সাফ করা যায়।

আগুন-সত্য- আগুনরূপী সত্য- যা মিথ্যার আবর্জনাকে পুড়িয়ে দেয়।

### টীকা:

ক. 'আমার কর্মধার আমি। আমাকে পথ দেখাবে আমার সত্য।'

খ. 'পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেললে।'

গ. 'মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম।'

## প্রশ্নোত্তর পর্ব

### পাঠোত্তর মূল্যায়ন

বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন

বিভিন্ন বোর্ড (২০১৬ - ২০১৯)